

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২০৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ هَذَا الْخَيْر خَزَائِنُ لِعَبْدٍ جَعَلَهُ اللَّهُ مِفْتَاحًا لِلْخَيْرِ مِغْلَاقًا لِلشَّرِّ وَوَيْلٌ لَعَبْدٍ جَعَلَهُ اللَّهُ مِفْتَاحًا لِلْخَيْرِ مِغْلَاقًا لِلشَّرِّ وَوَيْلٌ لَعَبْدٍ جَعَلَهُ اللَّهُ مِفْتَاحًا لِلشَّرِ مِغْلَاقًا لِلْخَيْرِ» . رَوَاهُ ابْن مَاجَه

اسناده ضعیف جذا ، رواه ابن ماجم (238) * عبد الرحمن بن زید بن اسلم ضعیف جدًا ، یروی الموضوعات عن ابیم ـ

বাংলা

৫২০৮-[৫৪] সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: নিশ্চয় এ মাল হলো বিরাট ধনভাণ্ডার। সে ধনভাণ্ডারের চাবিও আছে। অতএব সে বান্দার জন্য সুসংবাদ যাকে আল্লাহ তা'আলা কল্যাণের দ্বার খোলা এবং অকল্যাণের দ্বার বন্ধ করার চাবি বানিয়েছেন। আর সে বান্দার জন্য ধ্বংস যাকে আল্লাহ অকল্যাণ বা মন্দের দ্বার খোলা এবং কল্যাণের দ্বার বন্ধ করার চাবি বানিয়েছেন। (ইবনু মাজাহ)

ফুটনোট

সহীহ : ইবনু মাজাহ ২৩৮, য'ঈফুল জামি ২০২১; তবে হাদীসটিকে আলবানী (রহ.) প্রথমে যঈফ বলেন, কিন্তু পরবর্তীতে সহীহ বলেছেন, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৩৩২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৬৬, আল হিদায়াহ্ ৫১৩৬, যিলালুল জান্নাহ ২৯৬, ২৯৮৯।

ব্যাখ্যা



ব্যাখ্যা: মানুষের সম্পদরাজি আল্লাহর দেয়া ধনভাণ্ডার স্বরূপ। এ ধনভণ্ডার থেকে খরচ করে কল্যাণ কিংবা অকল্যাণ হাসিল করা সেটা মানুষের ইখতিয়ারভুক্ত। আর মানুষকেই এই ধনভাণ্ডারের চাবী বলা হয়েছে অর্থাৎ সে নিজে তা থেকে হয় কল্যাণ বের করবে অথবা অকল্যাণ আনয়ন করবে। যে সম্পদের সদ্যবহার করে তার জন্য কল্যাণ এবং সুসংবাদ, পক্ষান্তরে যে তার যথাযথ হারু আদায় করবে না তার জন্য কল্যাণের দ্বার থাকবে বন্ধ এবং তার জন্য রয়েছে অকল্যাণ অর্থাৎ ধ্বংস। আল্লাহ যাকে কল্যাণের বা নেক কাজের তাওফীক দান করেন সেটা তার পরম অনুগ্রহ।

'সম্পদ' শব্দটি ব্যাপকার্থে ব্যবহৃত হবে, টাকা-পয়সা, জ্ঞান-প্রজ্ঞা, 'ইবাদাত-বন্দেগীর যোগ্যতা ইত্যাদি সবই এর অন্তর্ভুক্ত।

রাগিব ইস্পাহানী (রহিমাহ্লাহ) বলেন, (الْخَيْرُ مَا يَرْ غَبُ فِيهِ الْكُلُّ كَالْعَقْلِ مَشْلًا وَالْعَدْلِ وَالْعَدْلِ وَالْفَيْءِ النَّافِعِ) হলো ঐ বস্তু وَالْفَصْدُلِ وَالشَّيْءِ النَّافِعِ) وَالْفَصْدُلِ وَالشَّيْءِ النَّافِعِ) وَالْفَصْدُلِ وَالشَّيْءِ النَّافِعِ) হলো খায়র-এর বিপরীত। কখনো কখনো কল্যাণ এবং অনুলান উপকারী বস্তু। পক্ষান্তরে 'আরবীতে (الشَّرّ) হলো খায়র-এর বিপরীত। কখনো কখনো কল্যাণ এবং অকল্যাণ একই বস্তুতে অবস্থান করে। সেটা একজনের জন্য কল্যাণ অপরের জন্য অকল্যাণ। যেমন "ইলম, একজনের জন্য হবে জাহান্নামের পর্দা, অন্যের জন্য জাহান্নামে প্রবেশের কারণ হবে। অনুরূপ কুরআন কারো পক্ষে সুপারিশকারী হবে আবার কারো বিপক্ষে সাক্ষ্য প্রদানকারী।

(মিরকাতুল মাফাতীহ, তানবীর শারহু জামিউস্ সগীর, আল কাশিফ ১০ খণ্ড, ৩৩০০ পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন